# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রথম ওজর হলো অসুস্থতা, যার কারণে ব্যক্তি জামা‘আতে উপস্থিত হতে সক্ষম হয় না

ذِكْرُ الْعُذْرِ الْأَوَّلِ وَهُوَ الْمَرَضُ الَّذِي لَا يَقْدِرُ الْمَرْءُ مَعَهُ أَنَ يَأْتِيَ الْجَمَاعَاتِ

---

আরবী

2062 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مِهْرَانَ السَّبَّاكُ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ صُهَيْبٍ: عَنْ أَنَسٍ قَالَ: لَمْ يَخْرُجْ إِلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثًا فَأُقِيمَتِ الصَّلَاةُ فَذَهَبَ أَبُو بَكْرٍ يَتَقَدَّمُ وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْحِجَابِ فَرَفَعَهُ فَلَمَّا وَضَحَ لَنَا بَيَاضُ وَجْهِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا نَظَرْنَا مَنْظَرًا قَطُّ أَعْجَبَ إِلَيْنَا مِنْ وَجْهِ نَبِيِّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ وَضَحَ لَنَا قَالَ: فَأَوْمَأَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهْ إِلَى أَبِي بَكْرٍ أَنْ تَقَدَّمَ قَالَ: وَأَرْخَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْحِجَابَ فَلَمْ يَقْدِرِ عَلَيْهِ حَتَّى مَاتَ صلَّى الله عليه وسلم.

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2062 | خلاصة حكم المحدث: صحيح - ((مختصر الشمائل)) (ص 194)

বাংলা

২০৬২. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে তিন দিন আসতে পারেননি। অতঃপর সালাতের ইকামত দেওয়া হয়, আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু সামনে অগ্রসর হতে শুরু করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হুজরার পর্দা উঠাতে বললে পর্দা উঠানো হয়। অতঃপর আমাদের কাছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চেহারার শুভ্রতা প্রকাশ পায়, আর আমাদের কাছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চেহারা দেখার চেয়ে অধিক প্রিয় আর কোন দৃশ্য নেই। রাবী বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত দিয়ে আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুকে ইশারা করলেন সামনে অগ্রসর হতে।” রাবী বলেন, “অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পর্দা ছড়িয়ে দেন। তারপর

তিনি মৃত্যু অবধি আর মাসজিদে আসতে সক্ষম হননি।”[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৮১; সহীহ মুসলিম: ৪১৯; হুমাইদী: ১৮৮; মুসনাদ আহমাদ: ৩/১১০; তিরমিযী: ৩৬৭; নাসাঈ: ৪/৭; সুনান বাইহাকী: ৩/৭৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৮২৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৮৮; আবূ আওয়ানা: ২/১১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসার আশ শামাইল :১৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91380

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন